



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945

Webmail: dcc1989@dcc.edu.bd, Website: www.dcc.edu.bd,

স্মারক নং- ঢাকক:

তারিখ: ১৪.০৬.২০২০

বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, ১০ জুন ২০২০ থেকে অনুষ্ঠিত অনলাইন ক্লাসে শিক্ষকবৃন্দ যথেষ্ট আন্তরিকতার সাথে পাঠ পরিকল্পনামাফিক পাঠদান করছেন। অনলাইন ক্লাসের পাঠ পরবর্তীতে ক্লাসরুমে হবে না এবং অনলাইন ক্লাসের পাঠের বিষয়ে নির্দিষ্ট সময় পর অথবা কলেজ খোলার সাথে সাথে পরীক্ষা হল-এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকলকে নিরাপদে ঘরে থেকে নিয়মিত অনলাইন ক্লাসে অংশগ্রহণ করতে বিশেষভাবে বলা হচ্ছে। এছাড়া অনলাইন ক্লাস সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা সকল শিক্ষার্থীকে অবশ্যই মানতে হবে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনলাইন ক্লাস নির্দেশনা

১. ক্লাসে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীর আইডি নাম ও ক্লাস রোল নম্বর অবশ্যই থাকতে হবে। নতুবা ক্লাস থেকে রিমোড/বাদ করা হবে।
২. ক্লাসের প্রথম ৩ মিনিট ও শেষ ৩ মিনিট ব্যতিত বাকী ৩৬ মিনিট সকল শিক্ষার্থীকে মাইক্রোফোন/মাউথ স্পিকার মিউট/অফ রাখতে হবে।
৩. শিক্ষার্থীকে পূর্ণসময় ডিডিও অন রাখতে হবে।
৪. শিক্ষার্থী কোনো চ্যাট করতে পারবে না।
৫. শিক্ষার্থীকে ক্লাস চলাকালীন তার সামনে বই, খাতা, কলম, পেন্সিল, ক্যালকুলেটর, আইডি কার্ডসহ শিক্ষাসামগ্রী রাখতে হবে। (প্রয়োজনে শিক্ষককে আইডি কার্ড দেখাতে হবে)।
৬. শিক্ষার্থীর পোশাক ও সাজসজ্জায় শালীনতা থাকতে হবে।
৭. শিক্ষার্থীর আচার-আচরণে হতে হবে বিনয়ী।
৮. অনলাইন ক্লাসের বিপক্ষে বা কোনো শিক্ষক-শিক্ষার্থীর সম্মান ক্ষুন্ন করে সামাজিক মাধ্যমে কোনো পোস্ট দেয়া যাবে না এবং এরূপ ঘটনা সাইবার ক্রাইম হিসেবে গণ্য হবে।
৯. ক্লাসে যথাসময়ে প্রবেশ এবং পূর্ণ সময় উপস্থিত থাকতে হবে।
১০. প্রতিদিনের পাঠ ও হোমওয়ার্ক প্রতিদিন সম্পন্ন করতে হবে।
১১. অন্য সেকশনের ক্লাসে প্রবেশ করা যাবে না।
১২. শিক্ষকের আইডি ও পাসওয়ার্ড অন্য কাউকে দেয়া চরম শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।
১৩. সেকশন সংশ্লিষ্ট চেয়ারম্যানের নির্দেশনা অবশ্যই মানতে হবে।
১৪. যে কোনো সমস্যার সমাধান ও পরামর্শের জন্য ক্যাপ্টেনের মাধ্যমে চেয়ারম্যানের সাথে যোগাযোগ করতে হবে।
১৫. সেকশনের নির্দিষ্ট প্রাইভেট ফেইসবুক গ্রুপে চেয়ারম্যান ও ২ জন শিক্ষার্থী/ক্যাপ্টেন এডমিন থাকবেন। কেবল চেয়ারম্যান এডমিন নির্ধারণ বা পরিবর্তন করতে পারবেন।
১৬. শিক্ষার্থীর আইডি নাম ও রোল নম্বর ব্যতীত কেউ সেকশন গ্রুপে অংশগ্রহণ করতে পারবে না। শ্রেণি শিক্ষকবৃন্দ এ গ্রুপে সদস্য হবেন। চেয়ারম্যান সেকশন গ্রুপের সার্বিক নিয়ন্ত্রণ করবেন।
১৭. একই সেকশনের নামে অন্য কেউ পৃথক গ্রুপ বা পেইজ খুলতে পারবে না।
১৮. প্রত্যহ কলেজ ওয়েবসাইটের নোটিশ, ফেইসবুক পেইজ, ক্লাসরুম পেইজ ও মোবাইল এসএমএস শিক্ষার্থীকে অবশ্যই দেখতে হবে।
১৯. বিশেষ প্রয়োজনে ব্যবহারের জন্য চেয়ারম্যান ও শ্রেণি শিক্ষকদের মোবাইল নম্বর কেবল ক্যাপ্টেন সংরক্ষণ করতে পারবে।
১৯. শিক্ষকের প্রযুক্তিগত সমস্যার জন্য উক্ত দিবসেই বিকাল ৩ টায় মেকআপ-ক্লাস হবে যা শিক্ষক সেকশন গ্রুপে আগেই জানিয়ে দিবেন।
২০. ক্লাশে বিশৃঙ্খলাকারী বা বহিরাগতদের বিষয়ে অন্যান্য শিক্ষার্থীদের সদা সচেতন থাকতে হবে এবং শিক্ষক ও চেয়ারম্যানকে তথ্যাদি দিয়ে সুষ্ঠু ক্লাস সম্পাদনে সহযোগিতা করবে। উল্লেখ্য, ইতোমধ্যে অনলাইন ক্লাসে বিশৃঙ্খলাকারী ৭ জন শিক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে।

14.06.2020

অধ্যক্ষ (সংরক্ষণ)

ঢাকা কমার্স কলেজ